দৈনিক বাংলা

তারিখ ...17.10.79... ...
পৃষ্ঠা··· .. ··· 1 কলাম ··· 6 .. ...



# অর্থনীতিতে নোবেল পুরস্কার

স্টকহোম, ১৬ই অক্টোবর (রয়টার)।—অর্থনীতিতে ১৯৭৯ সালের জন্য যুগ্মভাবে নোবেল পুরস্কার পেয়েছেন চিকাগো বিশ্ববিদ্যালয়ের প্রফেসর থিওডোর শুলজ (৭৭) ও প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের স্যার আর্থার লেউইস (৬৫)।

রয়্যাল সুইডিশ একাডেমী অর্থনৈতিক উন্নয়ন গবেষণা বিশেষ করে উন্নয়নশীল দেশের সমস্যা নিয়ে গবেষণার অগ্রণী ভূমিকা নেয়ার জন্য এই দুজন বিজ্ঞানীকে এক লাখ ৯১ হাজার ডলারের পুরস্কার প্রদান করে।

# ফেল করবে

(১ম পৃঃ পর)

সাংবাদিকদের অবহিত করেন। তিনি বলেন যে এর ফলে তাঁর মেয়ে স্কুলে পদার্থ বিজ্ঞান পরীক্ষায় ফেল করে।

'শিক্ষক আমার মেয়েকে বলেন: তোমার বাবা বাড়িতে তোমাকে কি সব যা তা শেখাচ্ছেন। এগুলো পরীক্ষার খাতায় লিখো না। তাহলে তুমি ফেল করবে।'

এবং সে ফেল করে।'

অধ্যাপক সালাম বলেন, 'এ সম্মান অর্জনকারী প্রথম মুসলমান হিসেবে আমি খুব খুশী।'

তিনি বলেন যে তিনি তাঁর পুরস্কারের এক লাখ ৯১ হাজার ডলার তাঁর দেশের বঞ্চিত এলাকায় শিক্ষা বিস্তারে ব্যয় করবেন।

তিনি লন্ডনের ইম্পিরিয়াল কলেজে অধ্যাপনায় নিয়োজিত রয়েছেন।